দৈনিক ইনকিলাব

তারিখ OCT. 10 1998
পৃষ্ঠা ৫ কলাম ৬

5

চট্টগ্রামে ইসলামী জনতার সভা

# ইস্পাহানী কলেজের প্রিন্সিপাল ইসলাম প্রিয় জনতার মনে আঘাত হেনে চলেছেন

প্রেস বিজ্ঞপ্তি ঃ গতকাল (শনিবার) ইসলামী জনতা চট্টগ্রামের প্রথম পরামর্শ সভা সংগঠনের অস্থায়ী কার্যালয়ে সংগঠনের আহবায়ক এডভোকেট মোঃ শফিক আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এর পূর্বে ৫০১ সদস্যবিশিষ্ট আহবায়ক কমিটি গঠিত হয়েছে।

পরামর্শ সভায় প্রধান অতিথি ছিলেন আওলাদে রাসূল সাইয়েদ আনোয়ার হোসাইন তাহির জাবিরী আল মাদানী। সভায় বক্তারা বলেন, ইস্পাহানী স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল হাসিনা জাকারিয়া টালবাহানা সৃষ্টির মাধ্যমে ইসলামপ্রিয় জনতার মনে আঘাত হেনে চলেছেন। সভায় বক্তারা বলেন, মুসলমানদের ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার অপরাধে হাসিনা জাকারিয়াকে সুস্পষ্টভাবে ক্ষমা প্রার্থনা করতে হবে। এ ব্যাপারে সভায় বিভিন্ন কর্মসূচী গৃহীত হয়। কর্মসূচীর মধ্যে রয়েছে আগামী ১২ অক্টোবর বেলা ১১টায় ডিসিকে স্মারকলিপি, ১৪ অক্টোবর বাদ আছর আন্দরকিল্লা শাহী জামে মসজিদে আলম-ওলামা, পীর-মাশায়েখসহ নাগরিক সমাবেশ এবং ১৫ অক্টোবর বাদ জুমা আন্দরকিল্লা শাহী জামে মসজিদের উত্তর গেইট থেকে বিক্ষোভ সমাবেশ, গণমিছিল ও পরবর্তী কর্মসূচী ঘোষণা।

সভায় বক্তৃতা করেন সংগঠনের সদস্য সচিব সাংবাদিক আবদুর রহমান চৌধুরী, ক্বারী মোহাম্মদ ইলিয়াস, মাওলানা মামুনুর রশীদ নূরী, মুফতি মাওলানা ফারুক সিদ্দিকী, মাওলানা হাবিবুর রহমান, এডভোকেট জিয়া হাবিব আহসান, এডভোকেট মোঃ শরীফ উদ্দীন, জাতীয় যুব ফোর্সের কেন্দ্রীয় সভাপতি আবু মোজাফফর মোহাম্মদ আনাছ প্রমুখ।